ল । ন্ড । ন

ঝড় তুলেছে কিশোরী সাবিনা

সাবিনা বেগম। বাংলাদেশী এক কিশোরী। ব্রিটেনজুড়ে আলোড়ন তুলেছে এ দেশের স্কুলে ইসলামসম্মত পোশাক পরার দাবি আদায়ের সংগ্রাম নিয়ে। দু'বছর ধরে আইনি লড়াইয়ে অবশেষে তার জয় হয়েছে। তার বক্তব্য মেনে নিয়েছে ব্রিটেনের আপিল আদালত।

১৯৮৮ সালের সেপ্টেম্বরে সাবিনার জন্ম এ দেশে। সাবিনা প্রথম স্কুলে যায় ২০০০ সালের সেপ্টেম্বরে। লুটনের ডেনবিগ হাই স্কুলে ভর্তি হয়েছিলো সে। ওই স্কুলে সব ধর্মের ছেলেমেয়েরাই পড়াশোনা করে। তবে স্কুলটির পাঁচ ভাগের প্রায় চার ভাগ শিক্ষার্থী মুসলমান। স্কুলে ছাত্রীদের ট্রাউজার, স্কার্ট বা সালোওয়ার-কামিজ পরার অনুমতি রয়েছে। মাথায় স্কার্ফ পরার অনুমতিও আছে। এক পর্যায়ে সাবিনার উপলব্ধি হয় যে, প্রকাশ্য স্থানে প্রাপ্তবয়স্ক মুসলিম মেয়েদের জন্যে সালোওয়ার-কামিজ মানানসই পোশাক নয়। সাবিনা বুঝতে পারে, ইসলামি শরিয়া অনুযায়ী ১৩ বছরের বেশি বয়সী সব মুসলিম মেয়েকে হাত ও মুখ ছাড়া পুরো শরীর ঢেকে রেখে চলাচল করতে হবে।



mvweb¨ teMg

২০০২ সালের সেপ্টেম্বরে নতুন স্কুল বছর শুরু হওয়ার পর সাবিনা তার উপলব্ধি অনুযায়ী জিলবাব পরে স্কুলে যায়। জিলবাব হচ্ছে মাথা থেকে পায়ের গোড়ালি পর্যন্ত ঢেকে রাখা একটি ঢিলেঢালা পোশাক।

সাবিনা প্রতিজ্ঞা করে, তাকে জিলবাব পরে ক্লাস করার অনুমতি দেয়া না হলে সে স্কুলে যাবে না। অন্যদিকে স্কুল কর্তৃপক্ষও স্কুলের ইউনিফর্ম হিসেবে বিবেচিত সালোওয়ার-কামিজ পরে না এলে তাকে ক্লাস করতে না দেয়ার সিদ্ধান্তে অটল। ২০০৪ সালের সেপ্টেম্বরে হাইকোর্টে মামলার শুনানি সম্পন্ন হওয়ার পর অন্য একটি স্কুল সাবিনাকে জিলবাব পরে ক্লাস করার অনুমতি দিয়ে সেখানে ভর্তি করে নেয়।

ডেনবিগ হাই স্কুল কর্তৃপক্ষের সিদ্ধান্তের বিরুদ্ধে সাবিনা প্রথমে হাইকোর্টে গিয়েছিলো। গত বছরের জুনে হাইকোর্ট তার আবেদনের বিপক্ষে রায় প্রদান করে। এরপর সাবিনা আপিল করে কোর্ট অব আপিলে। আপিল আদালতের তিন বিচারক সবকিছু পর্যালোচনার পর সাবিনার পক্ষে রায় প্রদান করেছেন গত ২ মার্চ। এই ঐতিহাসিক রায়ের ফলে দু'বছর ধরে চলে আসা আইনি লড়াইয়ের সমাপ্তি ঘটলো। আপিল আদালতের রায়ে বলা হয়েছে, সাবিনাকে স্কুলে পূর্ণ ইসলামিক পোশাক পরতে না দেয়ার মাধ্যমে মানবাধিকার বিষয়ক

প্র বা সী দে র প্র তি

প্রবাস জীবন তুলে ধরবে প্রবাসী বাঙালীদের জীবনযাপন মনন চেতনার চালচিত্র। অনেকেই তথ্যভিত্তিক লেখা লিখছেন। কিন্তু আমরা চাচ্ছি আপনারা ব্যক্তিগত অভিজ্ঞতার কথা লিখুন। পরবাসী জীবনের নানা বৈচিত্র্যময় ও বর্ণময় অভিজ্ঞতার কথা জানান। দেশের পাঠকরা দেশে বসে প্রবাসকে পুরোপুরি জানতে চায়। লেখার সঙ্গে ছবি দিন। সম্পূর্ণ ঠিকানা (ফোন ই-মেইলসহ) দিতে ভুলবেন না এমনকি ঠিকানা না ছাপতে চাইলেও।

লেখা পাঠাবার ঠিকানা ঃ

প্রবাস জীবন
The Shaptahik 2000
96/97 New Eskaton Road
Dhaka-1000, Bangladesh.

info@shaptahik2000.com

কো । রি । য়া

স্টেশনের ঘটনা

পৃথিবীর প্রায় সব দেশে দারিদ্র্যপীড়িত মানুষ আছে, কিন্তু তারা এতোটা নিচে নেমে যায়নি, কারণ একটাই, তারা তাদের বিবেক, বুদ্ধি ও সচেতনতাকে বিসর্জন দেয়নি। তারাও ভিক্ষা করছে, তবে তার ধরনটা অন্যরকম। এইতো সেদিন আমি আর আমার ভাইয়া তনদেমুন সিজাং মার্কেটে যাই। শপিং শেষ করে বাসার উদ্দেশে আন্ডারগ্রাউন্ড ট্রেনে করে সামসিল নামক স্টেশনে এসেছি, ট্রেনে ওঠার কিছুক্ষণের মধ্যেই ট্রেন ছেড়ে দিল, আমরাও যথারীতি আমাদের আসনে বসলাম। এরই মধ্যে একটা স্টেশন পেরিয়ে গেছে, কিছুক্ষণ পর একজন প্রতিবন্ধী লোক আমাদের কমপার্টমেন্টে আসে। লোকটার দুটো কাঁধই বাঁকা, মাথাটাও এক পাশে স্থির হয়ে আছে। দ্বিতীয়বার তাকাতে ইচ্ছে করলো না লোকটার হাত দুটো অবশ্য ভালোই আছে, আর সে কারণেই হয়তো মনে প্রচুর শক্তি পায়। লোকটির হাতে মাঝারি ধরনের একটা ব্যাগ ঝোলানো সে তার ব্যাগে হাত দিয়ে কিছু চকলেট বের করে এবং সবার হাতে দুটো করে চকলেট দেয়। সব যাত্রীকে চকলেট দেয়া শেষ করে ৫-৬ মিনিট পর্যন্ত অপেক্ষা করে, তারপর যথারীতি আগের মতোই একপাশ থেকে চকলেটগুলো নিতে শুরু করলো। দেখলাম অনেকেই চকলেট রাখছে, আবার অনেকে ফিরিয়ে দিচ্ছে, যারা রাখছে তারা চকলেটের বিনিময়ে টাকা দিচ্ছে। এর মধ্যে একজন মধ্যবয়সী মহিলা চকলেট না রেখে শুধু টাকা দিতে চাইল, কিন্তু প্রতিবন্ধী লোকটি টাকাটা নিতে চাইলো না। সে বারবার বোঝাতে চাইলো যে চকলেট রাখলে আমি টাকা নেব, অন্যথায় শুধু শুধু টাকা রাখবো না। মহিলাটি অনেক চেষ্টা করলো টাকা দিতে, কিন্তু লোকটি কিছুতেই নিল না। অগত্যা মহিলাটি চকলেট রেখে টাকা দেওয়াতে সে নিল। ভিক্ষা করে বলে তারও একটা আত্মসম্মান বোধ আছে, যার কারণেই সে শুধু শুধু দান গ্রহণ করতে চায়নি। এই দৃশ্যটি দেখে আমাদের দেশের ভিক্ষুকের সঙ্গে তুলনা করতে পারলাম না। কত পার্থক্য আমাদের মানসিকতার সঙ্গে ওদের।

Md. Kamruzzaman Babu
Asanshle-city, South Korea
Ph. 010-3040-2845

নি | উ | ই | য় | র্ক

সময় বাড়লো শ্রেষ্ঠ বাঙালি মনোনয়নের

মুক্তধারা-নিউইয়র্ক আয়োজিত জীবিত শ্রেষ্ঠ ১০ বাঙালি মনোনয়নের তারিখ ৩১ মে পর্যন্ত বাড়ানো হয়েছে। বাংলা ভাষা-সাহিত্য-সংস্কৃতি-শিল্প-বিজ্ঞানসহ যেকোনো ক্ষেত্রে মূল্যবান অবদানের জন্য জীবিত যেকোনো বাঙালি এতে মনোনীত হতে পারেন। মুক্তধারার www.greatestbangali.com ওয়েবসাইট অথবা জিপিও বক্স নং-৭৩৪, ঢাকার ঠিকানায় ডাকযোগেও এ মনোনয়ন পাঠানো যাবে। সাপ্তাহিক ২০০০, ইত্তেফাক, প্রথম আলো, জনকণ্ঠ, ভোরের কাগজসহ বিভিন্ন পত্রিকার ইন্টারনেট সংস্করণে www.greatestbangali.com-এর লিংক দেয়া আছে। যারা কম্পিউটারের মাধ্যমে জরিপে অংশগ্রহণ করতে ইচ্ছুক তাদেরকে সেভাবেই ভোটাধিকার প্রয়োগ করার জন্য মুক্তধারা-নিউইয়র্কের পক্ষ থেকে জানানো হয়েছে। পৃথিবীর যেকোনো প্রান্তে বসবাসকারী বাঙালি তার নিজস্ব চিন্তা-ভাবনা অনুযায়ী জীবিত শ্রেষ্ঠ ১০ বাঙালির নাম পাঠাতে পারবেন। মনোনয়নকারীদের মধ্যে লটারিতে বিজয়ী ৫ জন পাবেন ঢাকা-নিউইয়র্ক অথবা কোলকাতা-নিউইয়র্ক রাউন্ড ট্রিপ বিমান টিকেট। আর মনোনীত শ্রেষ্ঠ ১০ বাঙালিকে আগামী ২৮ আগস্ট নিউইর্য়কের ম্যানহাটন সেন্টারে দেয়া হবে শ্রদ্ধার্ঘ্য। আগামী ২৫ ডিসেম্বর কোলকাতায় এবং ৩০ ডিসেম্বর ঢাকায় অনুরূপ অনুষ্ঠানের আয়োজন করে শ্রেষ্ঠ বাঙালিদের সম্মাননা জানানো হবে। মনোনয়ন জরিপ মূল্যায়নের দায়িত্বে রয়েছেন ঢাকা ও কলকাতার ৪ জন বিশিষ্ট শিক্ষাবিদ যথাক্রমে ড. আনিসুজ্জামান, অধ্যাপক সিরাজুল ইসলাম চৌধুরী, নীরেন্দ্রনাথ চক্রবর্তী এবং সমরেন্দ্র সেনগুপ্ত। 'মুক্তধারা-নিউইয়র্ক'-এর ১৫ বছর পূর্তি উপলক্ষে এ অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে।

বিশ্বজিত সাহা, Muktadhara Inc., North America, 37-69, 74 st. Jackson Hts. NY-11372 USA, Tel : 718-565-7258 Fax : 718-458-3616, e-mail : sales@muktadhara.com/greatestbangali.com

dgwU ciY K‡i AvcwbI Ask wb‡Z cv‡ib †kô evOwj g‡bvbq‡b

ইউরোপিয়ান কনভেনশন লঙ্ঘন করা হয়েছে। ডেনবিগ স্কুল কর্তৃপক্ষের বক্তব্য ছিলো, সাবিনা জিলবাব পরে স্কুলে গেলে এর ফলে ছাত্রীদের মধ্যে বিভক্তি সৃষ্টির সম্ভাবনা দেখা দিতো। আপিল আদালতে বিজয়ী হওয়ার পর সাবিনা বলেছে, ১১ সেপ্টেম্বরের ঘটনার পর পশ্চিমা সমাজে যে পরিস্থিতির সৃষ্টি হয়েছে, তার পরিণতি হিসেবেই স্কুল তাকে জিলবাব পরার অনুমতি দিতে অস্বীকার করে বলে সে মনে করে। কোর্ট অব আপিলের সিভিল ডিভিশনের ভাইস প্রেসিডেন্ট লর্ড জাস্টিস ব্রুক রায় প্রদানকালে মানবাধিকার আইনের আওতায় স্কুলগুলো যেন তাদের দায়িত্ব পালন করে, সে জন্যে সব স্কুলকে আরো দিকনির্দেশনা দেয়ার জন্যে ডিপার্টমেন্ট অব এডুকেশনকে পরামর্শ দিয়েছেন।

উল্লেখ্য, এ মামলায় সাবিনা বেগমের পক্ষে আইনজীবী ছিলেন প্রধানমন্ত্রী টনি ব্লেয়ারের স্ত্রী চেরি ব্লেয়ার কিউসি।

ইসহাক কাজল, লন্ডন

জরীপ মাধ্যম

"বিশ্ব ব্যাপী বাংলা ও বাঙালী" শিরোনামে একটি বিশেষ স্মরণিকা প্রকাশিত হবে। লেখা আহ্বান করা হচ্ছে।

জীবিত শ্রেষ্ঠ ১০ বাঙালিকে শ্রদ্ধার্ঘ্য অর্পণ উপলক্ষে জরীপ

পৃথিবীর যে কোন দেশে বসবাসকারী বাঙালিরা বাংলা শিল্প-সাহিত্য-সংস্কৃতি-বিজ্ঞান-রাজনীতি-স্বাধীনতার বিকাশে এবং আর্থ-সামাজিক উন্নয়নে আপন প্রতিভায় উজ্জ্বল অনন্যসাধারণ জীবিত ১০ জন বাঙালির নাম নিজস্ব বিবেচনা অনুযায়ী পাঠাতে পারেন।

1. ________________
2. ________________
3. ________________
4. ________________
5. ________________
6. ________________
7. ________________
8. ________________
9. ________________
10. ________________

যে জীবিত ১০ বরেণ্য বাঙালি সর্বোচ্চ সংখ্যক মনোনয়ন পাবেন তাদেরকেই সম্মাননা প্রদান করা হবে। জরীপে অংশগ্রহণকারী যেসব ব্যক্তি চূড়ান্তভাবে নির্বাচিত ১০ জন বরেণ্য বাঙালির নাম মনোনয়ন করবেন তাদের মধ্যে র‌্যাফেল ড্র অনুষ্ঠিত হবে। বিজয়ী ৫ জনকে নিউইয়র্ক-ঢাকা/নিউইয়র্ক কলকাতা রুটের আসা-যাওয়ার প্লেনের টিকেট পুরস্কার দেয়া হবে। বিজয়ী ব্যক্তিরা যে দেশেই অবস্থান করুন না কেন তাদেরকে অনুষ্ঠানের দিন নিউইয়র্কে আনার ব্যবস্থা গ্রহণের উদ্যোগ নেয়া হবে। বিজয়ী ব্যক্তিদের নাম ও ঠিকানা প্রমাণের জন্যে প্রয়োজনীয় কাগজপত্রাদি অবশ্যই সরবরাহ করতে হবে। এক ব্যক্তির একাধিক জরীপপত্র গ্রহণযোগ্য নয়। মুক্তধারা উত্তর আমেরিকার পনের বছর পূর্তি উপলক্ষে "শ্রেষ্ঠ ১০ জীবিত বাঙালি" মনোনয়নের এই প্রকল্প নেয়া হয়েছে।

জরীপে অংশগ্রহণকারীর স্বাক্ষর ________________

জরীপে অংশগ্রহণকারীর নাম ও ঠিকানা

*Last Name ________________

Middle Name ________________

*First Name ________________

*Address ________________

*City ________________

* State/Province ________________

*Zip/Postal Code: ________________

* Country ________________

Email: ________________

* তারকা চিহ্নিত তথ্যাদি ছাড়া জরীপ গ্রহণযোগ্য নয়। **E-mail: sales@muktadhara.com**

To
"Ten Living Greatest Bangali" Selection Project
Muktadhara
37-69, 74 St, 2nd Floor.
Jackson Heights, NY-11372 USA

মুক্তধারা

'বিশ্বব্যাপী বাংলা ও বাঙালী' থিম নিয়ে একটি স্মারক গ্রন্থ প্রকাশিত হবে। এই থিমের ওপর লেখা আহ্বান করা হচ্ছে।

ওয়েবসাইটের মাধ্যমেও জরীপে অংশগ্রহণ করতে পারবেন

www.greatestbangali.com

কু | য়া | লা | লা | ম | পু | র

মালয়েশিয়ার শ্রমবাজার

মালয়েশিয়ার উন্নয়নের প্রতিটি স্তরেই রয়েছে বাংলাদেশী শ্রমিকের হাতের ছাপ। অথচ অর্থলিপ্সু একশ্রেণীর আদম ব্যবসায়ী ও বিভিন্ন সময় ব্যর্থ পররাষ্ট্র নীতির কারণে বাংলাদেশের এ লাভজনক শ্রমবাজারটি বন্ধ রয়েছে প্রায় এক দশক যাবৎ। ঠিক এ মুহূর্তে শ্রমবাজার চালু হবার সম্ভাবনা সর্বোচ্চ পর্যায়ে রয়েছে। আর বিপুল অর্থ আয়ের গন্ধ পেয়ে টাকা ভর্তি ব্রিফকেস নিয়ে রাজধানী কুয়ালালামপুরে ছুটে আসছেন বাংলাদেশের আদম ব্যবসায়ীরা।

মূলত বাংলাদেশ হাইকমিশনের লাগামহীন দুর্নীতি, বিভিন্ন অবৈধ পন্থায় শ্রমিক সরবরাহ, শ্রমিকদের মানবেতর জীবন যাপন, মালয়েশিয়ার বিভিন্ন স্থানে দুর্নীতির মাধ্যমে আদম ব্যবসায়ীদের দ্রুত কাজ ভাগিয়ে নেয়া ও এক শ্রেণীর বাংলাদেশী দালালের উৎপাতে বিব্রত হয় মালয়েশিয়া। সে কারণে বাংলাদেশী শ্রমিকের বিপুল চাহিদা সত্ত্বেও অনাগ্রহী মালয়েশিয়া সরকার অনির্ধারিতকালের জন্য বাংলাদেশের শ্রমবাজারটি ফ্রিজ করে দেয়। তারপর অনেক আবেদন সত্ত্বেও অদ্যাবধি বরফ গলছে না। বাংলাদেশকে বাদ দিয়েই মালয়েশিয়া, বার্মা, ভিয়েতনাম, ইন্দোনেশিয়া, থাইল্যান্ড, ভারত, নেপালসহ দক্ষিণ ও দক্ষিণ-পূর্ব এশিয়ার পিছিয়ে পড়া দেশগুলো থেকে শ্রমিক সরবরাহ করেছে।

কিন্তু বর্তমানে ৪ মাসের সাধারণ ক্ষমায় অবৈধ বিদেশী শ্রমিক বিতাড়ণ ও নীতিগতভাবেই বর্তমানে অবৈধ শ্রমিক আটক করায় দেশটি বিপাকে পড়ে যায়। বিভিন্ন সেক্টরে শ্রমিক সংকট প্রকট হয়ে পড়ে এবং ব্যবসায়ীদের চাপ বৃদ্ধি পায়। বিশেষ করে রপ্তানিমুখী শিল্প প্রতিষ্ঠানগুলোর উৎপাদন ব্যাহত হচ্ছে এবং তা দেশের অর্থনীতিতে প্রভাব ফেলছে।

অনিচ্ছা সত্ত্বেও শেষ পর্যন্ত সরকার বিদেশী শ্রমিক আমদানির ঘোষণা দেয়। কিন্তু বাংলাদেশ সম্পর্কে সরকারের কোনো ইতিবাচক স্পষ্ট মনোভাব ফুটে ওঠেনি। বহুবিধ কারণে বাংলাদেশের সঙ্গে মালয়েশিয়ার সম্পর্কে যে ঘাটতি রয়েছে তা পূরণ না হওয়া পর্যন্ত বাংলাদেশের এ শ্রমবাজারটি আদৌ কবে চালু হবে তার কোনো নিশ্চয়তা নেই। আবার অনেকের ধারণা যদিও বা সরকার বাংলাদেশের শ্রমবাজার চালুর সুযোগ দেয় তারপরও আদম ব্যবসায়ীদের কর্মকান্ড ও বিভিন্ন বিষয়ে মালয়েশিয়া সতর্ক দৃষ্টি রাখবে। যাতে অতীতের ঘটনাগুলোর পুনরাবৃত্তি না ঘটে। অতীতের পরিস্থিতির পুনরাবৃত্তি ঘটলে আবার বন্ধ করে দিতে পারে বাংলাদেশের শ্রমবাজার।

মালয়েশিয়ায় শ্রম বাজারকে ঘিরে আদম ব্যবসায়ী ও সংশ্লিষ্ট মহলের যে অতি উৎসাহ দেখা দিচ্ছে তার নেপথ্যে রয়েছে বিপুল পরিমাণ অর্থ আয়ের হাতছানি। স্বপ্ন সুখের মতো স্বপ্নভঙ্গের বেদনাও বেশি। আদম ব্যবসায়ীরা ধৈর্যচ্যুতি হলে এবং প্রতিযোগিতা নিয়ে অবৈধ কৌশলে দুর্নীতির মাধ্যমে শ্রমিক পাঠানোর চেষ্টা করলে চিরতরে এ সুযোগ বিলীন হয়ে যেতে পারে।

অতএব, মালয়েশিয়ার শ্রমিক রপ্তানির আগেই বাংলাদেশ সরকারকে যোগ্য সৎ লোকের মাধ্যমে একটি মনিটরিং সেল গঠন করতে হবে। বাংলাদেশে যারা হা করে বসে আছেন তাদের মুখে কলুপ এটে যত কম খরচে সম্ভব শ্রমিক পাঠানোর ব্যবস্থা করতে হবে। সর্বোপরি মালয়েশিয়ায় বাংলাদেশ হাইকমিশনের কর্মকান্ড নিয়মিত পর্যবেক্ষণ করতে হবে। তাহলেই সম্ভব মালয়েশিয়ার সম্ভাব্য শ্রমবাজারটি ধরে রাখার।

গৌতম রায়
কুয়ালামপুর, মালয়েশিয়া

প্রবাসে বাঙালির আত্মপরিচয়ের দর্পণ
সুইডেন থেকে প্রকাশিত প্রবাসী বাঙালির কাগজ

ত্রৈমাসিক
প্রজন্ম একাত্তর

দেশ প্রবাসের নবীন প্রবীণ ও বিশিষ্ট লেখক সাংবাদিকদের লেখায় সমৃদ্ধ হয়ে নিয়মিত প্রকাশিত হচ্ছে।
সকল প্রবাসীর এ প্লাটফরমে একবার উঁকি দিয়ে দেখুন- যে কেউ লিখুন, গ্রাহক হোন, বিজ্ঞাপন দিন।

দুটি সংখ্যা ফ্রি পড়ুন, ভালো লাগলে গ্রাহক হোন

বার্ষিক গ্রাহক চাঁদা বাংলাদেশে ডাকযোগে মাত্র ১০০ টাকা। বহির্বিশ্বে ২০ ইউরো অথবা ২৫ মার্কিন ডলার।

যোগাযোগ
Editor
Delwar Hossain
Projonmo Ekattor
Box 2029
191 02 sollentuna, Sweden
Tel & Fax : +46-8-6231439
E-mail : delwar.h@spray.se
ঢাকা ব্যুরো
৩/৩-বি, পুরানা পল্টন (২য় তলা)
সোলেমান কোর্ট, ঢাকা-১০০০
ফোন : ৯৫৬৫৩৪০, ৮১৫৫২৭১, ফ্যাক্স : ৯১৪০২২৫

HALAL ONLINE SHOP Tukina Internaional FOOD

জাপান বাংলার কৃষ্টি সংস্কৃতি
বিকাশের ধারায়

TUKINA INTERNATIONAL

হালাল ফুড বিশেষ মূল্যহ্রাস ঘোষণা করছে প্রকৃত বাংলাদেশী মাছ সর্বনিম্ন ৬৯০ ইয়েন, মাংস ৮০০ ইয়েন এছাড়া স্পাইস মিষ্টি চানাচুর মুড়িসহ সকল হালাল ফুড সামগ্রী মূল্য হ্রাস করছে।

টেলিফোন অথবা ফ্যাক্স অথবা অনলাইনে আমাদেরকে অর্ডার দিন। ২৪ ঘন্টার মধ্যে আমরা তাকিউবিনের মাধ্যমে আপনার কাঙ্ক্ষিত দ্রব্যসামগ্রী পৌঁছাব।

TUKINA INTERNATIONAL
3-36-30 Nakajujo
Yamaichi Mansion-102
Tel : 03-5993-2590
090-4624-6115, Fax - 03-3908-8588

www.tukina.com

টো | কি | ও

বর্ণাঢ্য ভাষা দিবস

বাংলাদেশ সাংবাদিক লেখক ফোরাম আয়োজিত ‘আন্তর্জাতিক মাতৃভাষা’ দিবস উপলক্ষে আলোচনা সভা অনুষ্ঠিত হয় টোকিওস্থ শিবুইয়ার ‘ওয়ার্কার্স ওয়েল ফেয়ার’ হলে। ফোরামের উপদেষ্টা NHK রেডিও বাংলা বিভাগের সাংবাদিক, দৈনিক প্রথম আলো ও Daily Star-এর টোকিও প্রতিনিধি এবং জাপানস্থ Foreign Correspondence Club’-এর সাধারণ সম্পাদক মঞ্জুরুল হকের সভাপতিত্বে অনুষ্ঠান শুরু হয়। অনুষ্ঠানের শুরুতে বক্তব্য রাখেন বিএনপি, জাপান শাখার সভাপতি শেখ ওয়াজির। তিনি বায়ান্নর ভাষা আন্দোলনের প্রেক্ষাপট নিয়ে আলোচনা করেন। তারপর বক্তব্য রাখেন আওয়ামী লীগ জাপান শাখার সাধারণ সম্পাদক সালেহ মোহাম্মদ আরিফ। তিনি বায়ান্ন ও একাত্তরের পাকিস্তানের ঘৃণ্য ভূমিকা ও বীর বাঙালির দুঃসাহসিক সাফল্যের স্মৃতি, কথার মালায় তুলে ধরেন। টোকিও বৈশাখী মেলার সেন্ট্রাল কো-অর্ডিনেটর ড. শেখ আলীমুজ্জামান বায়ান্ন থেকে অর্ধশতাব্দী পরও সর্বস্তরে বাংলা প্রচলনে মন্থর গতিতে ক্ষোভ প্রকাশ করেন। প্রবাসী কল্যাণ সমিতির সভাপতি জাকির হোসেন জোয়ারদার ঢাকা বিশ্ববিদ্যালয়, পাবলিক লাইব্রেরি ও বাংলা একাডেমিতে বাংলা ভাষা ও সাহিত্যের মূল্যবান নথিপত্রের অযত্ন-অবহেলায় ক্ষোভ প্রকাশ এবং সেগুলোর সযত্ন সংরক্ষণের দাবি জানান। নবদিগন্ত, হাঙ্গার প্রজেক্ট ও বিশ্বসাহিত্য কেন্দ্র জাপান শাখার প্রধান, চিত্রসাংবাদিক ওয়াদুদ আন্তর্জাতিক মাতৃভাষা দিবসের ওপর বিস্তারিত আলোকপাত করেন। প্রখ্যাত আবৃত্তিকার জুয়েল এমকিউ তার বক্তব্যে আমাদের অতিমাত্রায় ইংরেজিপ্রীতি এবং বাংলা ভাষার প্রতি উন্নাসিক মানসিকতায় হতাশা ব্যক্ত করেন।

Chiba (চিবা) বিশ্ববিদ্যালয়ের পিএইচডির ছাত্র মাসুম ইকবাল তার বক্তব্যে একটি চমৎকার প্রস্তাব উপস্থাপন করেন। তিনি বলেন, জাপানে প্রবাসীরা বেশক’টি মসজিদ নির্মাণ করেছেন। আমরা যদি একটি শহীদ মিনার নির্মাণ করতে পারি, সেটা হবে এক ইতিহাস। স্থাপত্য বিভাগের ছাত্র মাসুম এ ব্যাপারে সব রকম কারিগরি সহায়তার আশ্বাস দেন। সংস্কৃতিকর্মী মাসুদুর রহমান জাপান প্রবাসী বাংলাদেশীদের দলমতনির্বিশেষে সম্মিলিতভাবে একুশে পালনের আহ্বান জানান। আওয়ামী লীগ জাপান শাখার প্রচার সম্পাদক সেলিম আহমেদ আন্তর্জাতিক মাতৃভাষা দিবসের প্রেক্ষাপটে মহান ভাষা আন্দোলনের ভূমিকা নিয়ে আলোচনায় বলেন, বায়ান্নতেই একাত্তরের স্বাধীনতা অর্জনের মূল ভিত্তি স্থাপিত হয়।

প্রবাসী কবি মোতালেব শাহ আইয়ুব তাৎক্ষণিকভাবে লিখিত কবিতা শুনিয়ে সবাইকে বিমোহিত করেন। ‘স্বরব্যঞ্জন’ সাহিত্য পুরস্কারপ্রাপ্ত কবির পঞ্চম কাব্যগ্রন্থ ‘বৃষ্টির উৎসব’ এবারের বইমেলায় প্রকাশিত হয়।

টোকিও থেকে প্রকাশিত দ্বি-মাসিক বাংলা পত্রিকা ‘পরবাস’ সম্পাদক কাজী ইনসান একুশের গানের প্রথম সুরকার এবং ‘ওরা আমার মুখের ভাষা কাইড়া নিতে চায়’- বিখ্যাত গানটির রচয়িতা, সুরকার ও গায়ক শিল্পী আবদুল লতিফের মৃত্যুতে গভীর শোক প্রকাশ করেন। সবশেষে ফোরামের উপদেষ্টা মঞ্জুরুল হক বিংশ শতাব্দীর শুরুর দিকের ফরাসি কবি ‘গিয়াম আপোলিনিয়া’র কবিতা ‘বন্ধন’-এর অনুবাদ পড়ে শোনান এবং সমাপনী বক্তব্য রাখেন। অনুষ্ঠানে আরো উপস্থিত ছিলেন NHK রেডিও বাংলা বিভাগের সাংবাদিক আবদুর রাজ্জাক, ফোরামের সাধারণ সম্পাদক সাংবাদিক সজল বড়ুয়া, প্রচার সম্পাদক সাংবাদিক হাবিবুল হক শাহীন, গল্পকার ও ঔপন্যাসিক বাকের মাহমুদ। সমগ্র অনুষ্ঠানটি উপস্থাপনা ও পরিচালনা করেন ফোরামের সভাপতি ছড়াকার বদরুল বোরহান।

বদরুল বোরহান, টোকিও, জাপান

A QUALITY INTERNATIONAL FOOD STORE IN TOKYO, JAPAN

online store BATICROM

HALAL TOKYO

NEW YEAR
উপলক্ষে ব্যতিক্রমের বিশেষ মূল্যহ্রাস

আংশিক মূল্য তালিকা :

কাতলা, মাগুর, শোল, বগা	৬৯৫ ইয়েন/কেজি
বোয়াল, কাজলী, কোরাল বাইম	৬৯৫ ইয়েন/কেজি
মলা, নাপতেখেলা, কাকিলা, বাটি	৪৯৫ ইয়েন/কেজি
শুঁটকি (লোটকি, বাতাসি, রূপচাঁদা, শলিয়া, ছুরি, পাটিয়া)	৪০০-৭০০ ইয়েন/প্যাকেট
বাংলাদেশী রান্না মাংস (গরু, খাসী)	৯৯৫ ইয়েন/কেজি
গরু/খাসীর গোশত	৮৫০ ইয়েন/কেজি
(Beef/Mutton Cut Regular)	

চাল, বাসমতি, MIXED সবজি	৩৯৫ ইয়েন/প্যাকেট
ডাল (মসুর, মুগ, বুট, খোসাযুক্ত)	৩১৫ ইয়েন/কেজি
রান্নার মসলা (হলুদ, মরিচ, জিরা ধনিয়া)	৩৯৫ ইয়েন/প্যাকেট
বাংলা, হিন্দি গান+সিনেমার cd/vcd/dvd	৪৮০/৫৮০/৭৮০ ইয়েন/কপি
বাংলা (গল্প, উপন্যাস) বই	৮০০-২৫০০ ইয়েন/কপি
পোশাক : শাড়ি, শার্ট, শাড়ি, থ্রি-পিস, পাঞ্জাবি, পায়জামা, লুঙ্গি, টুপি)	আকর্ষণীয় মূল্যে

Retail sale
Baticrom Online Store
Abankurest Itabashi Building
1-13-10 Itabashi, Itabashi-Ku, Tokyo, Japan.
Tel : 03-5943-5661, 03-3963-6636
Fax : 03-5943-5662
E-mail-info@baticrom.com

For Wholesale:
DIAMOND TRADING COMPANY
Eguchi Bldg.; 1-45-14 Ikebukuro-Honcho
Toshima-ku, Tokyo, Japan.
Tel.: (03)3590-6433 fax.: (03)3590-6434

গ্রাহক সন্তুষ্টিই আমাদের প্রতিপাদ্য !!
স্বাদ, সাধ্যের এক অপূর্ব সমন্বয়

www.baticrom.com

রি | য়া | দ

বাথাহ মার্কেট

গত ২/৩ সপ্তাহ যাবৎ রিয়াদ-বাথাহ বাঙালি মার্কেটে পুলিশ ও যৌথবাহিনী ঢালাও অভিযান শুরু করেছে। প্রতিদিন গণহারে ধরা হচ্ছে বাঙালিদেরকে। এ ব্যাপারে সৌদির বিভিন্ন মিডিয়ায় সচিত্র প্রতিবেদনও ছাপা হচ্ছে। ভালোর পাশাপাশি খারাপ সব দেশেই থাকবে। তাই বলে গুটিকয়েক খারাপ লোকের জন্য সাধারণ বাঙালিরা লাঞ্ছিত হবে এমন তো হতে পারে না। সারাদিনের ক্লান্ত শরীর নিয়ে যখন মার্কেটে যায় কিছু বাজার করার জন্য, তখন তাদের ওপর নেমে আসে অমানুষিক নির্যাতন। কলার ধরে পিটানো, আকামা ছিঁড়ে ফেলে দেয়া, কিল, লাথি, চড় আবার কাউকে ধরে নিয়ে ৩-৪ হাজার রিয়াল মুচলেকা নিয়ে ছেড়ে দেওয়া ইত্যাদি। তার থেকে রেহাই পাচ্ছে না ডাক্তার, ইঞ্জিনিয়ার, ব্যবসায়ী তথা ভদ্র সমাজও। গত ২/৩ সপ্তাহ যাবৎ এ অভিযান চললেও বাংলাদেশ সরকার নির্বিকার। আমি জানি না প্রবাসী মন্ত্রণালয়ের কী দায়িত্ব। শোনা যাচ্ছে ইতিমধ্যে বাঙালিদের ভিসাও বন্ধ করে দেয়া হচ্ছে।

রিয়াদের বাথাহ বাঙালি মার্কেট একটি পরিচিত নাম। সপ্তাহে ২ দিন বৃহস্পতি ও শুক্রবার বাথাহ বাঙালি মার্কেট পরিণত হয় বাঙালির মিলনমেলায়। মনে হবে যেন প্রবাসে একটুকরো বাংলাদেশ। ৬০ থেকে ৭০ একর জায়গা জুড়ে এই মার্কেটে ক্রেতা বিক্রেতা পরিদর্শক সবাই বাঙালি। এখানে পাওয়া যায় না এমন কোনো কিছু নেই। একটু স্বদেশী খাবারের আশায় দূর দূরন্ত থেকে বাঙালিরা ছুটে আসে এ মার্কেটে। সাধারণ প্রবাসীদের জন্য বাংলাদেশ অ্যাম্বেসি কোনো কাজে না আসলেও গুটিকয়েক পার্টির লোকের জন্য যে কোনো কিছু করতে প্রস্তুত। তার প্রতিদান হিসেবে প্রবাসে কোনো সিনিয়র নেতৃবৃন্দ আসলে তার বিশাল সংবর্ধনার আয়োজন করে। যেমন কয়েক মাস আগে এক নেতাকে সংবর্ধনা দেয়ার জন্য বাথাহ মার্কেটের প্রত্যেক দোকান থেকে চাঁদা আদায় করা হয়।

দুঃখজনক হলেও সত্যি যে মুষ্টিমেয় কয়েকজন লোকের জন্য আজ বাংলাদেশের এই বদনাম। আর তাদের ব্যাপারে সবার জানা থাকলেও কেউ মুখ খুলছে না। বাংলাদেশ অ্যাম্বেসিও এ ব্যাপারে অবগত। তাই অতি সত্বর বিষয়টি বিবেচনার জন্য প্রবাসী মন্ত্রণালয়, পররাষ্ট্র মন্ত্রী তথা বাংলাদেশ অ্যাম্বেসিকে অনুরোধ জানাচ্ছি।

মামুন, পোস্ট বক্স নং-৪০৩৮১
রিয়াদ নং-১১৪৯৯, কেএসএ

প্রবাস সংগঠন

ই | টা | লি

রেডিও বাজে

Ave`j-vn Avj tbvgvbi mv‡_ tiwWI evRi cwievi

১৫ মার্চ মৎস্য ও পশুসম্পদ মন্ত্রী আবদুল্লাহ আল নোমান ভেনিসে অবস্থিত ইটালির একমাত্র ইলেকট্রনিক প্রচার মাধ্যম রেডিও বাজে'র বাংলা বিভাগ পরিদর্শন করেছেন। এ সময় তিনি রেডিও বাজের পরিচালক লিলিয়ানা বোরাংগার সঙ্গে এক সৌজন্য সাক্ষাৎকারে মিলিত হন। এ সময় উপস্থিত ছিলেন বাংলাদেশ দূতাবাস রোমের প্রথম সচিব মঞ্জুরুল করিম ও রেডিও বাজের বাংলা বিভাগের প্রধান নোমান ফাতেমী। ২০০৪ সালের জানুয়ারি মাসের ২০ তারিখ থেকে ইটালির রেডিও বাজে ভেনিস প্রতিদিন ১৫ মিনিটের বাংলা খবর প্রচার করে আসছে। ইটালির স্থানীয় সময় রাত ৮টায় এবং বাংলাদেশ সময় রাত ১ টায় নিয়মিত এ অনুষ্ঠান শোনা যায়। ইটালিতে এ অনুষ্ঠান শোনা যায় FM Band ৯৩.৫৫, ৯৯.১৫ ও ১০৭.৪০ মেগাহার্জে এবং বিশ্বব্যাপী ইন্টারনেটে www.radiobase.net এ ঠিকানায়।

নোমান ফাতেমী, বিভাগীয় প্রধান, বাংলা বিভাগ, রেডিও বাজে, ইটালি

ল | ন্ড | ন

মুজিবনগর দিবস

১৭ এপ্রিল ঐতিহাসিক মুজিবনগর দিবস উপলক্ষে যুক্তরাজ্যে একাত্তরের ঘাতক দালাল নির্মূল কমিটির কার্যালয়ে এক আলোচনা সভা অনুষ্ঠিত হয়। সভায় বক্তব্য রাখেন বঙ্গবন্ধুর প্রেস সেক্রেটারি আমিনুল হক বাদশা, টাওয়ার হ্যামলেটসের সাবেক মেয়র কাউন্সিলার আব্দুল আসাদ, বিশ্বনাথের সাবেক চেয়ারম্যান মুহিবুর রহমান, ঐক্য পরিষদের সুজিত সেন, শহীদ পরিবারের সদস্য বাবুল হোসেন, যুবলীগের সাংগঠনিক সম্পাদক সারব আলী, নির্মূল কমিটির আন্তর্জাতিক সম্পাদক আনসার আহমেদ উল্লাহ, নির্মূল কমিটির সাংগঠনিক সম্পাদক মাশুক ইবনে আনিস প্রমুখ। অনুষ্ঠানে বক্তারা স্বাধীনতা ও মুক্তিযুদ্ধের নানা বিষয় নিয়ে আলোচনা করেন।

আনসার আহমেদ উল্লা, একাত্তরের ঘাতক দালাল নির্মূল কমিটি, যুক্তরাজ্য কেন্দ্রীয় কমিটি
131 Commercial Street, London El 6Bj, TeL: 007800 573462 Fax: 0276554678

সু | ই | জা | র | ল্যা | ন্ড

সুইস কালচারাল ক্লাব

স্বাধীনতা দিবসের দিনটিকে যথাযোগ্য মর্যাদার সঙ্গে পালন করলো সুইজারল্যান্ডে সুইস সরকার স্বীকৃত প্রথম সংগঠন 'সুইস বাংলাদেশ কালচারাল ক্লাব'। ক্লাব মিলনায়তনে আয়োজিত এ অনুষ্ঠানের প্রথম পর্বে ছিল প্রকাশনা উৎসব। স্বাধীনতা দিবস স্মরণে সংগঠন একটি সাময়িকী 'অনির্বাণ' প্রকাশ করে। এছাড়া সংগঠন তাদের বিগত আড়াই বছরের কর্মকান্ডের ওপর ভিত্তি করে একটি আকর্ষণীয় ডিভিডি 'দুর্বার' অবমুক্ত করে। দ্বিতীয় পর্বে প্রথমে সদস্য এবং আগত অতিথিদের ক্যাফে চক্রে আপ্যায়িত করা হয়। সম্প্রতি সুইস সরকারের সামজিক ও সাংস্কৃতিক মন্ত্রণালয় কর্তৃক তালিকাভুক্ত এ সংগঠন তাদের সৃজনশীলতা ও সেবামূলক কর্মকান্ডের জন্য শ্রেষ্ঠ সংগঠনের পুরস্কারের প্রাথমিক নির্বাচনে নির্বাচিত হয়েছে। আগামী জুনে চূড়ান্ত ফলাফলের প্রতীক্ষা করছে সংগঠনের তরুণকর্মীরা। আর এ স্বপ্ন সফল হলে সুইজারল্যান্ড তথা ইউরোপের আঙ্গিনায় বাংলাদেশ পাবে এক নতুন পরিচয়।

মিজানুর রহমান খান, সুইস বাংলাদেশ কালচারাল ক্লাব
লারকেন ভেগ ৩৫, ৩০১২ বার্ন, সুইজারল্যান্ড, info@swissbangladeshcultural.net

ট | রে | ন্টো

কানাডিয়ান কলেজের ক্যাম্পাস

সুলভে ও বিনা বেতনে বিদেশে উচ্চশিক্ষার সুযোগের নামে একশ্রেণীর প্রতিষ্ঠান বাংলাদেশের সরল ছাত্রছাত্রীদের প্রতারিত করছে। এমনকি এসব প্রতিষ্ঠানের বিরুদ্ধে বিদেশে অজানা গন্তব্যে ছেড়ে দিয়ে শিক্ষার্থী এবং অভিভাবকদের সর্বস্বান্ত করারও অভিযোগ পাওয়া গেছে। এমনও অভিযোগ উঠেছে যে, হঠাৎ গজিয়ে ওঠা অনেক প্রতিষ্ঠান শিক্ষার আড়ালে মূলত আদম পাচারে লিপ্ত। শিক্ষা মন্ত্রণালয়, বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন, জাতীয় বিশ্ববিদ্যালয়সহ সরকারের কোনো পর্যায় থেকেই এসব প্রতিষ্ঠানের কার্যক্রম পরিচালনার কোনো স্বীকৃতি নেই। 'এফিলিয়েশন' না থাকা সত্ত্বেও কোনো কোনো প্রতিষ্ঠান বিদেশী কলেজ, ইনস্টিটিউটের 'বাংলাদেশ শাখা বা ক্যাম্পাস' নামে কার্যক্রম চালিয়ে যাচ্ছে। শিক্ষা মন্ত্রণালয় ইতিমধ্যে এ ধরনের ২৯টি প্রতিষ্ঠানকে কালো তালিকাভুক্ত করেছে বলে জানা গেছে। তাদের বিরুদ্ধে জোর তদন্ত চলছে। কিন্তু আশঙ্কা করা হচ্ছে, পয়সা এবং তদবিরের জোরে এরা পার পেয়ে যেতে পারে।

জানা গেছে, পত্রিকায় 'বিনা বেতনে ফিনল্যান্ড, সাইপ্রাসে, কেমব্রিজ, কানাডার কেমব্রিয়ান কলেজ ঢাকা ক্যাম্পাস প্রভৃতি দেশ ও প্রতিষ্ঠানে লেখাপড়ার সুযোগ' শিরোনামে চটকদার বিজ্ঞাপন দিয়ে ছাত্রছাত্রীদের প্রতি আবেদন জানানো হয়। কিন্তু এসবের কোনো বৈধ অনুমোদন নেই। সম্প্রতি ঢাকাস্থ ব্রিটিশ হাইকমিশনে ভুয়া কাগজপত্র জমা দেয়ায় এ ধরনের একটি প্রতিষ্ঠানের বিরুদ্ধে মামলা দায়ের করা হয়েছে। জানা গেছে, ২০০০ সাল থেকে ঢাকায় মধ্যমিক ও উচ্চমাধ্যমিক স্তরের শিক্ষার্থীদের জন্য বিদেশী শিক্ষা প্রতিষ্ঠানের স্থানীয় ক্যাম্পাস নামে একটি প্রতিষ্ঠান কাজ শুরু করে। কখনো বিনা বেতনে, কখনো স্বল্প বেতনে লেখাপড়ার সুযোগ সৃষ্টির কথা বলে তারা শিক্ষার্থীদের কাছ থেকে আবেদনপত্র আহ্বান করে থাকে। প্রথমে নাম নিবন্ধন করতে শিক্ষার্থী প্রতি ৫ থেকে ২০ হাজার টাকা আদায় করা হয়। বাস্তবে এ কাজের সরকারের কোনো অনুমতি নেই। আর এ ধরনের প্রতিষ্ঠানের সঙ্গে যে সব বিদেশীরা জড়িত থেকে এখানে কাজ করছেন তাদেরও কোনো ওয়ার্ক পারমিট নেই।

জানা গেছে কানাডার অন্টারিও প্রভিন্সে অবস্থিত ক্যামব্রিয়ান কলেজের সঙ্গে সম্প্রতি চুক্তিবদ্ধ হয়েছে বাংলাদেশের প্রতিনিধি। ১৫ জানুয়ারি থেকে তাদের ঢাকা ক্যাম্পাসে ক্লাস চালু হয়েছে। প্রতিটি বিষয়ে ২টি সেমিস্টারে ঢাকায় ছাত্রছাত্রী ভর্তি করা হচ্ছে। প্রতি সেশনের মাথাপিছু ফি নেয়া হচ্ছে প্রায় এক লাখ টাকা। ২টি সেমিস্টার ঢাকায় সম্পন্ন করার পর তৃতীয় সেমিস্টার করতে হবে কানাডায়। ভিসা না পেলে সে সব শিক্ষার্থী ভারত অথবা শ্রীলঙ্কায় তাদের যে ক্যাম্পাস আছে সেখানেই লেখাপড়া করবে। ঢাকা ক্যাম্পাসের প্রধান নির্বাহী এ কাজের অনুমতি চেয়ে ইতিমধ্যে শিক্ষা মন্ত্রণালয়সহ বিভিন্ন প্রতিষ্ঠানে আবেদনও করেছেন। কিন্তু শিক্ষা মন্ত্রণালয় থেকে এ জাতীয় প্রতিষ্ঠান খোলার নীতিমালা নেই বলে লিখিতভাবে জানানোর পরও তারা কার্যক্রম চালিয়ে যাচ্ছেন বলে জানা গেছে।

উল্লেখ্য, অন্টারিও প্রভিন্সে প্রায় ৩০টি কমিউনিটি কলেজের একটি হচ্ছে Cambrian ঠিকানা হচ্ছে- 1400 Barrydowne Road, Sudbury, On. P3A 3V8 ফোন : (705) 566-8101 টোল ফ্রি : 1-800-461-7148 www.cambrian.on.ca. অন্টারিও প্রভিন্সে অন্যান্য নামকরা কমিউনিটি কলেজগুলো হচ্ছে- Centennial (www.centennial college-ca) George Brown (Toronto City college) www.gbrownc.on.ca, Seneca (www.senecac.on.ca), Algonquin (www.algonauin college.com) Niagara (www.niagrac.on.ca) Confearation (www.confederation.on.ca) প্রভৃতি কানাডার কলেজে পড়াশোনার ব্যাপারে ভবিষ্যতে বিস্তারিত লেখার ইচ্ছে রইলো। এ ব্যাপারে ২০০০-এর পাঠকরা ব্যক্তিগতভাবে জানতে চাইলে আমাকে লিখুন অথবা ই-মেইল করুন। এখানে অন্টারিও প্রভিন্সের কলেজগুলোর একটি তালিকা দেয়া হলো। আগ্রহী শিক্ষার্থী নিজেরাই যোগাযোগ করতে পারবেন। অথবা www.ontariocolleges. ca এই ঠিকানায় ব্রাউজ করলে সব কলেজের খবর জানা যাবে।

Jasim_mallik@hotmail.com

অন্টারিওর কয়েকটি শিক্ষা প্রতিষ্ঠান

■ Alfred
31, rue St-Paul, C.P. 580
Alfred, ON Kob 1AO
(617) 769-2218
www.alfredc.uoguelph.ca

■ Algonquin
1385 Woodroffe Avenue
Ottawa, ON K2G 1V8
727-0002 1-880-565-4723
www.algonquincollege.com

■ Boreal
21, boul, Lasalle
Sudbury, ON P3A 6B1
(705) 560-6673 1-800-361-6673
www.borealc.on.ca

■ Cambrian
1400 Barrydowne Road
Sudbury, On P3A 3V8
566-8101 1-800-467-7145
www. Combrianc.on.ca

■ Canadore
100 College Drive, P.O. Box 5001
North Bay, ON P1B 8K9
(705) 474-7600, TDD (705) 495-2862
www.canadorec.on.ca

■ Centennial
P.O. Box 631, Station A
Scarborough, ON M1K 5E9
(416) 289-5000 ext 4012 or 4013
1-800-268-4419
www. centennialcollege.ca

■ Conestoga
299 Doon Valley Drive
kitchhener, ON N2G 4M4
(519) 748-5220 ext. 3656
www. conestogac.on.ca

■ Confederation
P.O. Box 398, 1450 Nakina Drive
Thunder Bay, ON P7C 4W1
475-6110 1-800-465-5493
www.confederationc.on.ca

■ Durham
2000 Simcoe Street North
P.O. Box 385
Oshawa, ON L1H7L7
721-3088 (905) 721-3046
www. durthamc.on.ca

■ Fanshawe
1460 Oxford street East
P.O. Box 7005
London, ON N5Y 5R6
(519) 452-4277
www. fanshawec.ca

■ Flcming
Brealey Drive
Peterborough, ON K9J 7B1
(705) 749-5530
www. flemingc. on.ca

■ George Brown
(Toronto City College)
P.O. Box 1015, Postal Station B
500 MacPherson Avenue
Toronto, ON M5T 2T9
(416) 415-5000 1-800-265-2002
www.gbrownc.on.ca

■ Georgian
1 Georgian Drive
Barrie, ON L4M 3´9
(705) 722-1560
www.georgianc.on.ca

■ Humber
205 Humber College Boulevard
Toronto, On M9W 5L7
(416) 657-5000
www.humber.ca

■ Kemptville
Box 2003
Kemptville, ON KOG 1JO
(613) 258-8336 ext. 335
www.kemptvillec. uoguelph.ca